

সিগন

২২

ঢাবিতে ৩ শিবিরকর্মীকে অবৈধভাবে শিক্ষক নিয়োগ

● প্রতিবাদ : সিন্ডিকেট সদস্যের পদত্যাগ

বিশুবিদ্যালয় বোর্ড পরিবেশক

ঢাকা বিশুবিদ্যালয়ের আরবি বিভাগে নিয়মবহির্ভূতভাবে প্রভাষক পদে তিন শিবির কর্মীকে নিয়োগ দেয়ার প্রতিবাদে সিন্ডিকেট থেকে পদত্যাগ করেছেন নীল দলের শিক্ষক অধ্যাপক রহমত উল্লাহ। গতকাল বৃহস্পতিবার তিনি উপাচার্যের কাছে পদত্যাগপত্র জমা দিয়েছেন।

এদিকে শিবিরকর্মীদের নিয়োগপত্র বাতিলের দাবিতে নীল দলের শিক্ষকরা গতকাল উপাচার্যের সঙ্গে দেখা করেছেন। শিক্ষকরা নিয়মনীতি লঙ্ঘন করে নিয়োগ দেয়া ওই শিবিরকর্মীদের নিয়োগপত্র বাতিলের দাবি জানান।

ওই তিন শিবিরকর্মী একই সময়ে দুটি শিক্ষা প্রতিষ্ঠান থেকে সমমানের ডিগ্রি অর্জন করেছে বলে অভিযোগ রয়েছে যা বিশুবিদ্যালয়ের আইনবহির্ভূত।

সূত্র জানায়, তিন শিবিরকর্মীকে গতকাল বৃহস্পতিবার নিয়োগপত্র দেয়া হয়েছে।